



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/নোয়া-১৬৯/০৪

তারিখ: ২২ চৈত্র ১৪২৯
০৪ এপ্রিল ২০২৩

বিষয় : ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়া বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : (১) নং বামাশিবো/প্রশা/২২৪২২১৩১৫৬৬১/৬৮১২৭/নথি নং -১৬৯ তারিখ: ১৩-১০-২০২২ খ্রি.
(২) স্মারক নং:০৫.৪২.৭৫৮৩.০০৬.৪১.০০৪.২০২২-১২, তারিখ: ০৮/০১/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলাধীন কাঠালি ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার সোনাইমুড়ী, নোয়াখালী একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। কমিটি গঠনকালে নির্বাচনী তফসিল মাদ্রাসার সকল শ্রেণিতে এবং এলাকায় বিধি মোতাবেক বহুল প্রচার ও আলোচনা করা হয়নি। মাদ্রাসা পরিচালনায় সুপার জনাব আবদুর রহিম জিহাদী এর অদক্ষতা ও কাজকর্মে অব্যবস্থাপনার ছাপ পরিলক্ষিত হয় মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার সুপার জনাব আবদুর রহিম জিহাদী-কে সতর্ক করা হলো এবং ম্যানেজিং কমিটির নির্বাচন প্রক্রিয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত)-এর ধারা ১৭(২) লঙ্ঘিত হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেওয়া হবেনা তার সন্তোষজনক জবাব ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সুপার/ভারপ্রাপ্ত সুপার,
কাঠালি ইসলামিয়া দাখিল মাদ্রাসা,
পো: সোনাইমুড়ী, সোনাইমুড়ী, নোয়াখালী।

২। সভাপতি
ম্যানেজিং কমিটি, কাঠালি ইসলামিয়া দাখিল মাদ্রাসা,
পো: সোনাইমুড়ী, সোনাইমুড়ী, নোয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/নোয়া-১৬৯/০৪(৭)

তারিখ: ২২ চৈত্র ১৪২৯
০৪ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নোয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., শাখা, সোনাইমুড়ী, নোয়াখালী;
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd